



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৩৬/২০২৪

তারিখঃ ০৫/০৬/২০২৪ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত গণ বিজ্ঞপ্তি নং-০২, তারিখঃ ৩০/০৫/২০২৪ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

Web: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

গণ বিজ্ঞপ্তি নং- ০২

তারিখঃ ৩০/০৫/২০২৪ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকল এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১২০/২০০১/শুম্ব, তারিখঃ ০৮/০৮/২০০১ খ্রিঃ মোতাবেক আমদানিকৃত পণ্য খালাস ও রপ্তানিকৃত পণ্য জাহাজীকরণের নিমিত্তে আমদানিকারক/রপ্তানিকারক মনোনীত সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বিল অব এন্ট্রি/এক্সপোর্ট ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিলের বিধান রয়েছে। এছাড়াও, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধি ২০ এর উপবিধি (ক) মোতাবেক “ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি হিসাবে কাস্টমস এজেন্টকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পর কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা” কাস্টমস এজেন্টের দায়িত্ব ও কর্তব্য। কিন্তু উল্লিখিত বিধান/নির্দেশনা থাকা সত্ত্বেও অধিকাংশ ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানিকারক/রপ্তানিকারক কর্তৃক সিএন্ডএফ এজেন্ট মনোনয়ন সংক্রান্ত “ক্ষমতা অর্পণ পত্র” বিল অব এন্ট্রি কিংবা বিল অব এক্সপোর্টের সাথে দাখিল করা হয়না মর্মে অভিযোগ উত্থাপিত হচ্ছে যা কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালায় সুস্পষ্ট লংঘন। এমতাবস্থায়, বিল অব এন্ট্রি কিংবা বিল অব এক্সপোর্টের সাথে “ক্ষমতা অর্পণ পত্র” দাখিলে ব্যর্থ হলে কাস্টমস এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

স্বাঃ/-

(মুহাম্মদ মাহফুজ আলম)

ডেপুটি কমিশনার

ও

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

স্বাঃ/-

(মোঃ তারেক হাসান)

জয়েন্ট কমিশনার

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

নথি নং- এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৪)/৪৮৪৯১(১১)

তারিখঃ ৩০/০৫/২০২৪ খ্রিঃ।